গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mochta.gov.bd

মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক তিন পার্বত্য জেলার ১২টি বিদ্যালয়ে ই-লার্নিং কার্যক্রম উদ্বোধনের লক্ষ্যে হাইব্রিড পদ্ধিতিতে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ মিজানুর রহমান সচিব
সভার তারিখ	২১/০১/২০২৬
সভার সময়	সকাল ১০.৩০ টায়
স্থান	: সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	

অনলাইনে যুক্ত ও স্বশরীরে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। মাননীয় উপদেষ্টার শুভেচ্ছা বক্তব্যের পর সভাপতি সভাকে অবহিত করেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা কোড-২২১০০০৯০০ এর আওতায় তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক গৃহীত ০৩টি উন্নয়ন স্কিমের আওতায় ই-লার্নিং কার্যক্রম চালুর লক্ষ্যে ১৪৯টি বিদ্যালয় নির্বাচন করা হয়েছে (প্রাথমিক-২৬টি, মাধ্যমিক-১২৩টি)। নির্বাচিত বিদ্যালয়গুলোর মধ্য হতে প্রাথমিক পর্যায়ে তিন পার্বত্য জেলার প্রতিটিতে ১টি প্রাথমিক ও ৩টি মাধ্যমিক বিদ্যালয়সহ মোট ১২টি বিদ্যালয়ে (স্কুলের তালিকা সংযুক্ত) স্থাপিত ই-লার্নিং কার্যক্রম মাননীয় প্রধান উপদেষ্টা আনুষ্ঠানিকভাবে (অনলাইনে) আগামী ২৭/০১/২০২৬ তারিখ দুপুর ১২.০০টায় উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের মতামত আহবান করেন। উপদেষ্টা মহোদয় বলেন, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় পার্বত্য এলাকায় শিক্ষার আলো ছড়িয়ে দিতে ই-লার্নিং কার্যক্রম শুরু করার নির্দেশনা দিয়েছেন। মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুযায়ী নির্বাচিত ১৪৯টি বিদ্যালয়েই পর্যায়ক্রমে ই-লার্নিং কার্যক্রম চালুর করার সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালনের আহবান জানান। আগামী ২৭/০১/২০২৬ তারিখ দুপুর ১২.০০টায় উদ্বোধনী অনুষ্ঠান সূচারুরূপে আয়োজনের নিমিত্ত সভাপতি মহোদয় Talking Point উপস্থাপন করেন এবং অনলাইনে সংযুক্ত ও স্বশরীরে উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক আগামী ২৭/০১/২০২৬ তারিখ দুপুর ১২.০০টায় অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানটি Zoom Platform এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। Zoom ID তৈরি ও অন্যান্য টেকনিকাল সাপোর্ট নিশ্চিত করতে হবে।	আইসিটি শাখা, পাচবিম
২	উদ্বোধনী অনুষ্ঠানে তিন পার্বত্য জেলার ১২টি বিদ্যালয়ে টেকনিকাল সাপোর্ট ও নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিত করতে হবে।	বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লিমিটেড/ মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৩	উদ্বোধনী অনুষ্ঠানে তিন পার্বত্য জেলার ১২টি বিদ্যালয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৪	Starlink Internet এর বিকল্প ইন্টারনেট নেটওয়ার্ক প্রস্তুত রাখতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

৫	তিন পার্বত্য জেলার নির্বাচিত ১২টি বিদ্যালয়ের প্রতি স্কুলে ৫ জন মেধাবী ছাত্র/ছাত্রীকে বক্তব্য দেয়ার জন্য প্রশিক্ষণ দিতে হবে। বক্তব্যের লিখিত অনুলিপি ২৫/০১/২০২৬ খ্রি: তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৬	উদ্বোধনী অনুষ্ঠানে তিন জেলার প্রতিটি স্কুলে ০১ জন দায়িত্বশীল কর্মকর্তা, যেমন জেলা পরিষদের চেয়ারম্যান/মুখ্য নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা উপস্থিত থাকবেন। প্রতিটি স্কুলে জেলা পরিষদের ০২ জন সদস্য, জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও তাদের প্রতিনিধি উপস্থিত থাকবেন। এ বিষয়ে জেলা পরিষদ আগামী ২২/০১/২০২৬ তারিখে সমন্বয় সভা করে দায়িত্ব নির্ধারণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবে।	চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৭	সংশ্লিষ্ট স্কুলগুলো সরজমিনে পরিদর্শন করে যান্ত্রিক ত্রুটি চিহ্নিত করে দ্রুত ঠিক করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৮	সম্পূর্ণ অনুষ্ঠানটি প্রধান উপদেষ্টার কার্যালয় হতে সঞ্চালনা করা হতে পারে, তবে এ বিষয়ে মন্ত্রণালয় প্রস্তুত থাকবে।	উপসচিব (প্রশাসন-১), পাচবিম
৯	মাননীয় প্রধান উপদেষ্টা এর জন্য ফোল্ডার প্রস্তুত করতে হবে। ফোল্ডারে উদ্বোধনী অনুষ্ঠান সম্পর্কিত সকল তথ্যাদি (প্রধান উপদেষ্টার বক্তব্য, অনুষ্ঠানসূচি/ ১২টি স্কুলের পরিচিতি ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি) থাকবে। ফোল্ডারটি ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন-১) ও জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১০	মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও সচিব এর জন্য ফোল্ডার প্রস্তুত করতে হবে। ফোল্ডারে উদ্বোধনী অনুষ্ঠান সম্পর্কিত সকল তথ্যাদি (প্রধান উপদেষ্টার বক্তব্য, উপদেষ্টার বক্তব্য/সচিব এর বক্তব্য/ অনুষ্ঠানসূচি/ ১২টি স্কুলের পরিচিত ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি) থাকবে। ফোল্ডারটি ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে মাননীয় উপদেষ্টা ও সচিব মহোদয়ের একান্ত সচিবের নিকট দাখিল করবেন।	জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১১	উদ্বোধনী অনুষ্ঠানের জন্য ৩ মিনিটের একটি TVC/ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে। TVC/ডকুমেন্টারিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা মহোদয়ের দিক নির্দেশনা/গৃহীত কার্যক্রম অনুযায়ী ই-লার্নিং/কোয়ালিটি এডুকেশনের বিষয়টি গুরুত্ব দিতে হবে এবং এ বিষয়ে একটি Script তৈরী করতে হবে। Scriptটি ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট দাখিল করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১২	উদ্বোধনী অনুষ্ঠানে স্কুল ভিত্তিক যারা উপস্থিত থাকবেন তাদের তালিকা তৈরি করতে হবে। তালিকার বাহিরে অন্য কেউ Zoom Link-এ প্রবেশ করতে পারবে না এবং Zoom ID ও Password অন্য কাউকে শেয়ার করা যাবেনা। উপস্থিতির তালিকা আগামী ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট দাখিল করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৩	জেলা পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানের সঞ্চালকের দায়িত্বে থাকবেন সংশ্লিষ্ট জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা। জেলা পরিষদ সমন্বয় সভা করে প্রতিটি স্কুলে সঞ্চালক নির্ধারণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৪	উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা, মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও সচিব মহোদয়ের জন্য লিখিত বক্তব্য প্রস্তুত করতে হবে। লিখিত বক্তব্য ২২/০১/২০২৬ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট দাখিল করতে হবে।	উপসচিব (উন্নয়ন) ও জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১৫	উদ্বোধনী অনুষ্ঠানের জন্য একটি অনুষ্ঠানসূচি প্রস্তুত করে ২২/০১/২০২৬ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট দাখিল করতে হবে। মাননীয় প্রধান উপদেষ্টার এপিএস, প্রধান উপদেষ্টার কার্যালয়ের সাথে সমন্বয় করে বিষয়টি চূড়ান্ত করতে হবে।	উপসচিব (পরিকল্পনা-১) ও জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১৬	তিন পার্বত্য জেলার নির্বাচিত ১২টি বিদ্যালয়ে ই-লার্নিং কার্যক্রম উদ্বোধনের সার্বিক বিষয়টি সমন্বয়ের জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব কংকন চাকমা দায়িত্ব পালন করবেন।	যুগ্মসচিব (প্রশাসন), পাচবিম

১৭	ক) Zoom Link-এ প্রবেশের ক্ষেত্রে Zoom ID হিসেবে স্কুলের নাম লিখতে হবে। খ) একাধিক ডিভাইসে সংযুক্ত না হয়ে একটি ডিভাইসে সংযুক্ত থাকতে হবে। মোবাইলে সংযুক্ত হওয়া যাবেনা। গ) মাইক্রোফোন/সাউন্ড সিস্টেম সচল রাখতে হবে। ঘ) Zoom Link-এ প্রবেশের পর Mute রাখতে হবে। অনুমতি সাপেক্ষে Unmute করে কথা বলতে হবে। ঙ) প্রতিটি স্কুলে কমপক্ষে ২বার প্রস্তুতিমূলক ট্রায়াল দিতে হবে। মন্ত্রণালয়কে হতে ২৫/০১/২০২৬ ও ২৬/০১/২০২৬ তারিখে ট্রায়াল আয়োজন করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও আইসিটি শাখা, পাচবিম।

০৩। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০১-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
সচিব

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ২৯.০০.০০০০.০০০.২২৫.৯৯.০০০৩.২৫.৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব, পরিষদ অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
৭। মূখ্য নির্বাহী কর্মকর্তা, মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি।
৮। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৯। চেয়ারম্যান , চেয়ারম্যান-এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১০। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
১১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
১৩। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
১৮। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
১৯। সিনিয়র সহকারী সচিব, সমন্বয়-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২০। সহকারী সচিব, সমন্বয়-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২১। সহকারী সচিব, আইন শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২২। মহাব্যবস্থাপক (বিক্রয় ও বিপণন), মহাব্যবস্থাপক (বিক্রয় ও বিপণন), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।
২৩। ঊর্ধ্বতন ব্যবস্থাপক (ডমেস্টিক সেলস), ঊর্ধ্বতন ব্যবস্থাপক (ডমেস্টিক সেলস), বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।

২৪। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২৬। সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

২২-০১-২০২৬
মোঃ সালাহ্উদ্দীন
উপসচিব